

- প্রশিক্ষণ ফলপ্রসূ করার লক্ষ্যে **Basic Soldiering** এর উপরও গুরুত্ব দিতে হবে। মনে রাখবেন, 'প্রশিক্ষণই সর্বোচ্চ কল্যাণ'।
- ভবিষ্যতেও মাতৃভূমির অখণ্ডতা রক্ষা তথা জাতীয় যে কোন প্রয়োজনে সেনাবাহিনীকে সর্বোচ্চ ত্যাগ স্বীকারে সদা প্রস্তুত থাকতে হবে।

১৬। উপসংহার।

- আজ এই রেজিমেন্টাল কালার প্রদান উপলক্ষে একটি সুশৃঙ্খল, মনোজ্ঞ এবং বর্ণিল কুচকাওয়াজ উপহার দেওয়ার জন্য আমি প্যারেড কমান্ডার, অংশগ্রহণকারী ইউনিটসমূহ এবং উপস্থিত সকলকে আমার আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জ্ঞাপন করছি।
- আপনাদের সকলের চোখে এবং অভিব্যক্তিতে যে প্রাণোচ্ছল ভাব লক্ষ্য করলাম তা সত্যিই প্রশংসনীয়। এই দৃষ্টিনন্দন কুচকাওয়াজ আয়োজন ও সুন্দর ব্যবস্থাপনায় যাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন তাঁদের সবার জন্য রইলো আমার আন্তরিক শুভেচ্ছা।